বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রধান কার্যালয়
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
নিয়োগ, রিপোর্টিং ও পরিসংখ্যান শাখা
কর্মচারী প্রশাসন পরিদপ্তর

নম্বর ২৭.১২.০০০০.০২৫.১১.১১২.১৮.২১৮৯ তারিখ ৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'সহকারী প্রকৌশলী' পদে নিয়োগ প্রসঙ্গে।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'সহকারী প্রকৌশলী' এর ০২টি শূন্য পদে উক্ত পদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের দ্বারা প্রস্তুতকৃত প্যানেল থেকে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে নিয়োগের জন্য নিয়োগপত্র প্রেরণ করা হয়েছেঃ

পদের নাম	রোল নম্বর	যোগদানের তারিখ
সহকারী প্রকৌশলী	০১২৭৪ এবং ০১৭৯০ (মোট ০২ জন)।	আগামী ৩১-০৩-২০২০ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে।

<u>সহকারী প্রকৌশলী পদের নিয়োগ পত্রের শর্তাবলী :</u>

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত সহকারী প্রকৌশলী পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ও এডহক ভিত্তিতে বোর্ড-এর প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় ভাতাসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ মোতাবেক ৳ ২২০০০-৫৩০৬০/= টাকা বেতনক্রমে (গ্রেড-৯) নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলোঃ

০১। চাকুরীতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর আপনি শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। আপনার চাকুরী ততক্ষণ পর্যন্ত স্থায়ী হবে না যতক্ষণ না বোর্ড সংশ্লিষ্ট প্রবিধানমালার আদেশবলে, সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে, উক্ত সময়কাল কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী অনূর্ধ্ব ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হতে পারে। তাছাড়াও, বোর্ড কর্তৃক পুলিশ বিভাগ হতে আপনার চরিত্র ও প্রাক-পরিচয়ের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি, আপনার সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ইতিবাচক মতামত-এর উপর আপনার শিক্ষানবিসকালের সন্তোষজনক সমাপ্তি এবং আপনার চাকুরীর স্থায়ীকরণ নির্ভর করবে।

০২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করে আপনার শিক্ষানবিসকালে চাকুরীর অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকুরী অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

০৩। আপনি যদি কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীতে নিয়োজিত থাকেন, তাহলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ যোগদানের সময় আপনাকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অব্যাহতিপত্র পেশ করতে হবে।

০৪। **যোগদানের সময় কোন সিভিল সার্জন-এর নিকট হতে আপনার শারীরিক সুস্থতা (ডোপ টেস্টসহ) সম্বন্ধীয়**

একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপটেস্টের বিষয়টি পজেটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।

০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৮ অনুযায়ী আপনার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

০৬। চাকুরীতে যোগদান করার জন্য আপনাকে কোন দৈনিক/ভ্রমন ভাতা প্রদান করা হবে না।

০৭। চাকুরীতে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপনার সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও জাতীয়তা/নাগরিকত্ব সনদ-এর ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে। তাছাড়া, লিখিত পরীক্ষার প্রবেশপত্র ও ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সঙ্গে আনতে হবে।

০৮। চাকুরীতে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপনার সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ (সার্টিফিকেট), সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি জমা রাখতে হবে।

০৯। **পুলিশ কর্তৃক আপনার চরিত্র ও প্রাক-পরিচয় যাচাই করা হবে। এতদবিষয়ক পুলিশ রিপোর্ট সন্তোষজনক না হলে অথবা পরবর্তীতে আবেদনপত্রের তথ্য ভুল বা মিথ্যা বা বিকৃত প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আপনাকে বোর্ডের চাকুরী হতে সরাসরি অপসারণ/বরখাস্ত করা হবে। সেক্ষেত্রে অত্র নিয়োগপত্র আপনার চাকুরী প্রাপ্তির দাবী প্রতিষ্ঠিত করবে না।**

১০। চাকুরীতে যোগদানের সময় আপনাকে ৩০০ (তিনশত) টাকা/ প্রযোজ্য মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প সঙ্গে আনতে হবে এবং উক্ত স্ট্যাম্পে ০৫(পাঁচ) বছরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সার্ভিস বন্ড প্রদান করতে হবে। চাকুরীর মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ না হওয়া পর্যন্ত চাকুরী হতে অব্যাহতি গ্রহণ করলে সার্ভিস বন্ড অনুযায়ী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাপবিবো-এর অনুকূলে প্রদানে বাধ্য থাকবেন।

১১। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরী ছেড়ে চলে গেলে বিধি অনুযায়ী আপনাকে চাকুরীচ্যুত করা হবে এবং বিষয়টি আপনার ছবিসহ বাপবিবো-এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং আপনার নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।

১২। উপরি-উক্ত শর্তাবলীর সাথে সম্মত হলে আগামী **৩১-০৩-২০২০ খ্রিঃ** তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কর্মচারী প্রশাসন পরিদপ্তর, সদর দপ্তর ভবন (২য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ যোগদান করতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

বি:দ্র: কোন প্রার্থীর নিকট নিয়োগপত্র না পৌঁছালে অত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লিখিত কাগজাদিসহ যোগদানের জন্য নির্ধারিত তারিখে কর্মচারী প্রশাসন পরিদপ্তরে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২২-৩-২০২০

মুহাম্মদ খালেদ হোসেন
পরিচালক
ফোন: 02-8900358
ইমেইল: rebdpa@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) একান্ত সচিব, সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) একান্ত সচিব, সদস্য (বিতরণ ও পরিচালন) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড